67

দৈনিক ইত্তেফাক

তারিখ ... ৭ ৮-1999

পৃষ্ঠা ২৫ কলাম ৪

## ছাত্রদলের সমাবেশ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ছাত্রদলের উদ্যোগে গতকাল (শনিবার) পুলিশ কনষ্টেবল ফরহাদ হত্যার প্রতিবাদে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে আয়োজিত এক সমাবেশে অবিলম্বে এই হত্যাকান্ড তদন্তের জন্য বিচার বিভাগীয় তদন্ত কমিটি গঠনের দাবী জানান হইয়াছে। ডাকসু ভবনের সম্মুখে অনুষ্ঠিত এ সমাবেশে ছাত্রদল নেতৃবৃন্দ বলেন, সরকারের পায়ের

(১৫শ পৃষ্ঠায় ৪-এর কঃ দ্রঃ)

## ছাত্রলীগের সমাবেশ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ পুলিশ কনষ্টেবল ফরহাদ ও ইমাম ক্বারী আবুল হাশেম হত্যার প্রতিবাদে ছাত্রলীগের উদ্যোগে গতকাল (শনিবার) ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে মিছিল-প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়। অপরাজেয় বাংলার পাদদেশে অনুষ্ঠিত সমাবেশে ছাত্র নেতৃবৃন্দ অবিলম্বে খুনীদের গ্রেফতার ও শাস্তি দাবী করেন। নেতৃবৃন্দ বলেন, বিএনপি,

(১৫শ পৃষ্ঠায় ৪-এর কঃ দ্রঃ)

## ছাত্রদলের সমাবেশে

(শেষ পৃষ্ঠার পর)

নিচে মাটি নাই। বিরোধী দলের আন্দোলনের মুখে সরকার মানুষের দৃষ্টি ভিন্ন খাতে প্রবাহিত করার জন্য বোমা মারিয়া পুলিশ হত্যা করিতেছে। কিন্তু সরকারের সকল ষড়যন্ত্র সম্পর্কে জনগণ সচেতন রহিয়াছে। সমাবেশে ছাত্র নেতা মঞ্জুরে এলাহী, মোশাররফ হোসেন, মনির হোসেন, মোস্তাফিজুল ইসলাম মামুন, আসাদুজ্জামান প্রমুখ বক্তব্য রাখেন।

## ছাত্রলীগের সমাবেশে

(শেষ পৃষ্ঠার পর)

জাতীয় পার্টি ও জামায়াত গণতান্ত্রিক প্রক্রিয়ার রাজনীতির পরিবর্তে হত্যা, সন্ত্রাস ও নৈরাজ্যের পথ বাছিয়া নিয়াছে। তাহারা পুলিশ হত্যার পর হরতালকালে একজন বৃদ্ধ ক্বারী সাহেবকে রাজপথে হত্যা করিয়াছে। কিন্তু দেশের জনগণ আর কখনোই পিছনের দরজা দিয়া ক্ষমতায় যাওয়ার স্বপ্ন বাস্তবায়িত হইতে দিবে না।

ছাত্রলীগের সভাপতি বাহাদুর বেপারীর সভাপতিত্বে এই সমাবেশে বক্তব্য রাখেন সাধারণ সম্পাদক অজয়কর খোকন, বলরাম পোদ্দার, সাহাবুদ্দিন ফরাজী, মারুফা আক্তার পপি, আনিসুর রহমান, লিয়াকত সিকদার, আশরাফুল আজিম প্রমুখ।